




ISO 9001:2015 Certified

ফোন নং-০৯৮১-৬৩০৩০/৬২৪০৩, ই-মেইল নং-jamalpurpbs@gmail.com

**জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি**
বেলটিয়া, জামালপুর।

স্মারক নং-২৭.১২.৩৯৩৬.৫২৩.০২.০২২.২২. ২০২৩

তারিখঃ- ১১ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ।

২৮ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ।

“নিয়োগ বিজ্ঞপ্তি”

জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, বেলটিয়া, জামালপুর এর নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্ত বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত আবেদন ফরমে স্ব-হস্তে পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	বয়স সীমা	বেতন স্কেল	শিক্ষাগত/প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের সংরক্ষিত)	০২ (দুই)টি (কম/বেশী হতে পারে)	০৯/০৫/২০২২ খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বৎসর হতে সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বছর। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে প্রমাণক দাখিল করতে হবে।	পবিস বেতন কাঠামো-২০১৬খ্রিঃ অনুযায়ী ১৮,৩০০/- হতে ৪৬,২৪০/- এবং নিয়ম অনুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতা এবং অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	ক) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ২.০০ থেকে ৩.০০ এর কম অথবা সমমান পাশ হতে হবে। খ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং কাজে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। গ) বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ২০(বিশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০(ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। ঘ) দাপ্তরিক কাজে বাংলা ও ইংরেজী ব্যাকরণের ব্যবহার, বাংলা প্রমিত বানান রীতি, বিরাম চিহ্নের সঠিক প্রয়োগসহ বাক্য গঠনে এবং দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন প্রভৃতি ও নথিভুক্তকরণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিষ্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে। চ) যথাযথ ফাইলিং পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
০২	অফিস সহায়ক (পুরুষ)	০৩ (তিন)টি (কম/বেশী হতে পারে)		পবিস বেতন কাঠামো-২০১৬খ্রিঃ অনুযায়ী ১৫,৫০০/- হতে ৩৯,১৭০/- এবং নিয়ম অনুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতা এবং অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	ক) কমপক্ষে এসএসসি অথবা সমমান পাশ হতে হবে। খ) প্রার্থীকে অবশ্যই সং, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। গ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিগত সম্পন্ন হতে হবে। ঘ) প্রার্থীকে বাই- সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই সাইকেল থাকতে হবে।
০৩	ডাইভার (পুরুষ)	০৪ (চার) টি (কম/বেশী হতে পারে)	০৯/০৫/২০২২ খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বৎসর হতে সর্বোচ্চ ৪৫ বছর।	পবিস বেতন কাঠামো-২০১৬খ্রিঃ অনুযায়ী ১৬,৬০০/- হতে ৪১,৯৫০/- এবং নিয়ম অনুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতা এবং অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	ক) সাবলীলভাবে বাংলা পড়তে ও লিখতে জানতে হবে। খ) গাড়ী চালনার ক্ষেত্রে বিভিন্ন নির্দেশনা, সংকেত প্রতিপালন এবং লগ বাই পূরণে সক্ষমতা থাকতে হবে। গ) BRTA কর্তৃক প্রদত্ত হালনাগাদ ডাইভিং লাইসেন্স (হালকা) থাকতে হবে। ঘ) যে কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/বৃহৎ শিল্প/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে ০৫ বছরের গাড়ী চালানো ও রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে (অভিজ্ঞতা ডাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে গণ্য হবে)। ঙ) প্রার্থীকে অবশ্যই সং, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। চ) সর্বশেষ ০৩ বছরের চাকুরীকালে বড় ধরনের দুর্ঘটনার কোন রেকর্ড নাই মর্মে অভিজ্ঞতা সনদ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

শর্তাবলীঃ-

০১। আবেদনকারীকে জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট - www.pbs.jamalpur.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েব সাইট- www.reb.gov.bd হতে নির্ধারিত আবেদন ফরম ডাউন লোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ০৯/০৫/২০২২খ্রিঃ তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, বেলটিয়া, জামালপুর বরাবর ডাক যোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা সরাসরি টাইপকৃত কোন আবেদন পত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

০২। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য অন- প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ (প্রয়োজ্য ক্ষেত্রে), বাৎসরিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে শর্ত সাপেক্ষে পবিসের নিজস্ব স্যালারী প্যাটার্ন এর নির্ধারিত বেতন পরিস্থিতে চাকুরী নিয়মিত করা যেতে পারে।

০৩। বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদ পত্রের সত্যায়িত অনুলিপি (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়), জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি, সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জীন ছবি (১ কপি ছবি আবেদন ফর্মের নির্ধারিত স্থানে ও ১ কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা/ আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে এবং ১ কপি ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাম্পের পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে), ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার/ সিটি কর্পোরেশন এর মেয়রের নিকট হতে নাগরিকত্ব সনদ ও চারিত্রিক সনদপত্র (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নাম সম্বলিত সীল দ্বারা সকল কাগজ ও ছবি সত্যায়িত হতে হবে) এবং জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির অনকুলে যে কোন তফসিল ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। কোটা সংক্রান্ত সরকারী নির্দেশ যথাযথভাবে পালন করা হবে। সেক্ষেত্রে যথাযথ সনদ (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) এর অনুলিপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে এবং প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশন মেয়র/জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রত্যয়ন পত্রের মূল কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। অন্য কোন সংস্থা থেকে অপসারিত/ বরখাস্তকৃত এবং পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত ও স্বেচ্ছায় পদ ত্যাগকারী প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই।

০৬। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। খামের উপর প্রার্থীর নিজ নাম ও পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে খামের উপর তা সুস্পষ্টভাবে লিখতে হবে।

০৮। সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯। অত্র পবিস এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালকদের স্বামী/স্ত্রী বা তাদের রক্ষ সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

১০। জেলা কোটার প্রাপ্যতা না থাকায় ময়মনসিংহ, নেত্রকোণা, শেরপুর, টাঙ্গাইল, জয়পুরহাট, মাগুরা ও মেহেরপুর এর স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই। এছাড়া অত্র সমিতির ভৌগলিক এলাকার (জামালপুর জেলার সকল উপজেলা, কুড়িগ্রাম জেলার রৌমারী ও রাজীবপুর উপজেলার সম্পূর্ণ, চিলমারী ও উলিপুর উপজেলার আংশিক, বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার আংশিক, গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার আংশিক, সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর উপজেলা ও কাজিপুর উপজেলার আংশিক, টাঙ্গাইল জেলার ভুয়াপুর উপজেলার আংশিক) প্রার্থীর উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।


১১। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ /বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলার কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

১২। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিস বা সাব জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৩। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৪। অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।


২১. ৪. ২০২২
(প্রকৌঃ মোঃ আলমগীর)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (সদয় অবগতি ও বিজ্ঞপ্তি বহল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।

০৫। ডিজিএম, সদর দপ্তর-কারিগরি/বকশীগঞ্জ/সরিষাবাড়ী/ইসলামপুর/মেলান্দহ/মাদারগঞ্জ/রৌমারী/নান্দিনা/দেওয়ানগঞ্জ জোনাল অফিস।


০৬। এজিএম(অর্থ-হিসাব/ অর্থ-রাজস্ব/এমএস/ইএন্ডসি/ওএন্ডএম/প্রশাসন/আইটি), জাপবিস।

০৭। এজিএম(ওএন্ডএম), নামাজের চর সাব জোনাল অফিস, জাপবিস।

০৮। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), জাপবিস (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।

০৯। নোটিশ বোর্ড/ওয়েবসাইট (www.pbs.jamalpur.gov.bd), জামালপুর পবিস।

১০। অফিস/মাস্টার কপি।


২১. ৪. ২০২২
(প্রকৌঃ মোঃ আলমগীর)
জেনারেল ম্যানেজার



পমাসপ ১১০-০০২

ভার্সন-০১

অনুমোদিত : ২৭/০৪/২০১৪খ্রিঃ

জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির ডাটা এন্ট্রি অপারেটর/ড্রাইভার/অফিস সহায়ক পদে প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক
কপি ছবি এ ঘরে আইকা/
আঠা দিয়ে লাগিয়ে ছবির
উপর ১ম শ্রেণীর গেজেটেড
কর্মকর্তা দ্বারা সত্যায়িত
করতে হবে।

জেনারেল ম্যানেজার
জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি
বেলটিয়া, জামালপুর।

১. নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং- ২৭.১২.৩৯৩৬.৫২৩.০২.০২২.২২.২০৫৩, তাং- ১১/০৪/২০২২খ্রিঃ।

২. আবেদনকৃত পদের নাম.....

৩. পদের ধরণ : নিয়মিত/চুক্তিভিত্তিক

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (.....পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

৮. মাতার নাম

...../...../.....(দিন/মাস/বছর)
৯. বয়স (০৯/০৫/২০২২ খ্রিঃ তারিখে)

১০. পিতার নাম

১১. ধর্ম

১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা
(টিক (✓) দিন)

বিবাহিত

অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (✓) দিন) :

মহিলা	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র- কন্যা	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র- কন্যার পুত্র- কন্যা	এতিম ও শারীরিক প্রতিবন্ধি
-------	---	--	------------------------------

উপজাতি

আনসার ও গ্রাম প্রতিরক্ষা

অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা :

ক. গ্রাম/সড়ক/বাড়ী

খ. ডাকঘর

গ. উপজেলা/থানা

ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক :

ক. গ্রাম/সড়ক/বাড়ী

খ. ডাকঘর

গ. উপজেলা/থানা

ঘ. জেলা

১৯. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর

২০. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য

২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	জিপিএ/বিভাগ/শ্রেণী		সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর
		জিপিএ স্কেল	প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড	
.....শ্রেণী				
এসএসসি/সমমান				
এইচএসসি/সমমান				
স্নাতক				

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	চাকুরীর/পদের নাম ও বেতনক্রম	যোগদানের তারিখ	চাকুরী পরিত্যাগের তারিখ

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতিত):

নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা-৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে):

কর্মরত পবিস এর নাম	পদের নাম	বর্তমান পদে মোট চাকুরীকাল	প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে	পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘু দন্ড)

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় স্বাক্ষারকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২ (দুই)সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শন করতে বাধ্য থাকবো।

.....
তারিখ

.....
আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।



জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি
বেলটিয়া, জামালপুর।

লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর :

পরীক্ষার তারিখ :

পরীক্ষার সময় :

পরীক্ষা কেন্দ্রের নাম :

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর :

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম :

প্রার্থীর নাম

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক.....

.....

.....

.....



প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

- ১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- ২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/ কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।
- ৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।
- ৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।
- ৫। চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।
- ৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।
- ৭। উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পলী-বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।